



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

Any Information for SSC Reg.Log on WWW.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : বিনি-১১/২০১৮-২০১৯

তারিখ: ২৮/১০/২০১৮ খ্রী:


বিষয়: রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্কুল ও স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে জানানো যাচ্ছে যে, ২০১৭- ২০১৮ শিক্ষা বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থী যারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের নিবন্ধন কার্ড নিম্নে উল্লিখিত তারিখ সমূহে গ্রহণ/জমা ও ফেরত প্রদান করা হবে।

জেলার নাম	রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ	রেজিস্ট্রেশন কার্ড জমা দেওয়া ও ফেরত নেওয়ার তারিখ	সংশোধনের নিয়মাবলী
সিরাজগঞ্জ	০৪/১১/২০১৮	১৮/১১/২০১৮	(১) অফিস প্যাডে আবেদন-২টি (২) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-২টি (ফটোকপিতে লাল কালি দিয়ে কেটে স্পষ্ট অক্ষরে বিষয় কোড লিখতে হবে) (৩) টাকা জমার মূল রশিদ ও তার ফটোকপি।
চাঁপাইনবাবগঞ্জ	০৫/১১/২০১৮	১৯/১১/২০১৮	
নাটোর	০৬/১১/২০১৮	২০/১১/২০১৮	
নওগাঁ	০৭/১১/২০১৮	২২/১১/২০১৮	
বগুড়া	০৮/১১/২০১৮	২৫/১১/২০১৮	
জয়পুরহাট	১১/১১/২০১৮	২৬/১১/২০১৮	
পাবনা	১২/১১/২০১৮	২৭/১১/২০১৮	
রাজশাহী	১৩/১১/২০১৮	২৮/১১/২০১৮	

- প্রতিটি বই শুধুমাত্র কালো কাপড় দ্বারা হার্ড বোর্ড দিয়ে বাধাই করতে হবে এবং মুড়ি বইয়ের টপশীটে বিদ্যালয়ের নিজস্ব প্যাডে বিদ্যালয়ের ঠিকানা সহ মোট রেজিস্ট্রেশন কার্ডের সংখ্যা লিখে মোটা অক্ষরে কম্পোজ করে আঠা দিয়ে লাগাতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডে শুধুমাত্র বিষয় কোড / ছবি ভুল থাকলে আগামী ১৭/১২/২০১৮ তারিখের মধ্যে শিক্ষার্থী প্রতি ২৫০/- টাকা জমা দিয়ে সংশোধন করা যাবে। উক্ত সংশোধিত নিবন্ধনপত্র আগামী ২৩/১২/২০১৮ ইং তারিখে প্রদান করা হবে। পরবর্তীতে ০১/০১/২০১৯ হতে এসএসসি ২০১৯ পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত নিবন্ধনপত্র সংশোধন ফি ৩০০/- টাকা এবং পরীক্ষা চলাকালীন সংশোধন ফি (নিবন্ধনপত্র ৫০০/- ও প্রবেশপত্র ৫০০/-) মোট ১০০০/- টাকা জমা দিয়ে শুধুমাত্র বিষয় কোড সংশোধন করা যাবে।
- কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন ছুটি থাকলে উক্ত শিক্ষার্থীর জেএসসি'র মূল ট্রান্সক্রিপ্ট ও বিদ্যালয়ের হার্ড কপিসহ আবেদন করতে হবে। তবে পূর্বে কোন প্রতিষ্ঠানে নিবন্ধন হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।
- নিজ/পিতা/মাতা/জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে নাম ও বয়স সংশোধন কমিটির চিঠি মূলে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিবন্ধনপত্র সংশোধন করা যাবে।

বিশেষ দৃষ্টব্য:

- এসএসসি ২০১৯ কার্ড গ্রহণের সময় রেজিস্ট্রেশন ফি জমার রশিদের ফটোকপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় নিবন্ধন কার্ড সরবরাহ করা হবে না।
- শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন কাজে নির্ধারিত তারিখে তাদের জমা এবং গ্রহণে বিলম্ব হলে প্রতিদিন বিলম্বের জন্য প্রতিষ্ঠানকে ১০০/- (এক শত) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।
- মূল রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় বিদ্যালয় কর্তৃপক্ষকে মঞ্জুরী নবায়নের হালনাগাদ কপি, বিভিন্ন বিভাগ ও বিষয় খোলার অনুমোদনের কপি অবশ্যই মাধ্যমিক রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।


 (প্রফেসর দেবশীষ রঞ্জন রায়)
 আইডি নং-৮৬০১
 বিদ্যালয় পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
 রাজশাহী

স্মারক নম্বর : ১/বিনি/৬/২(৩য় খন্ড)/১৩৬

তারিখ: ২৮/১০/২০১৮ খ্রী:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল:

- ১। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক (হি: ও নি:) অত্র বোর্ড
- ২। প্রধান মূল্যায়ন কর্মকর্তা (চ:দা:)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:), অত্র বোর্ড।
- ৩। হিসাব রক্ষণ অফিসার, অত্র বোর্ড।
- ৪। পি.এস.টু চেয়ারম্যান, অত্র বোর্ড।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা/হিসাব আয় শাখা মাধ্যমিক পরীক্ষা শাখা/স্টুয়ার্ড শাখা, অত্র বোর্ড।

(প্রফেসর দেবশীষ রঞ্জন রায়)
 আইডি নং-৮৬০১
 বিদ্যালয় পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
 রাজশাহী